

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়ন পরিবীক্ষণের বিষয়ে  
মার্চ, ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী


সভাপতি : মোঃ নুরুন্নবী, মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)  
তারিখ : ১৪.০৩.২০২১ খ্রি.  
সময় : সকাল ১১.০০ টা  
স্থান : বিএমডির সভা কক্ষ  
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়ন পরিবীক্ষণ বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সভাপতি জনাব মোঃ নুরুন্নবী, মহাপরিচালক-এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।


## ২.০ আলোচনা :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব আজিজুল হক জানান যে, বিএমডির ২০২০-২০২১ অর্থবছরে ০৩ টি উদ্ভাবনী কর্মপরিকল্পনার মধ্যে বিএমডিতে ল্যান্ডভিত্তিক ফটোকপি পদ্ধতি ইতোমধ্যে চালু করা হয়েছে। সভাপতি মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে দায়েরকৃত 'বিএমডি সংক্রান্ত মামলাসমূহ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভে' সংরক্ষণের বিষয়ে জানতে চাইলে সভায় জানানো হয় যে, এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের যৌথ উদ্যোগে ১৪-২৫/২০১৭ তারিখে অনুষ্ঠিত ০২ (দুই) দিনব্যাপী 'ই-সার্ভিস রোডম্যাপ প্রণয়ন' শীর্ষক কর্মশালায় বিএমডির নাগরিক সেবাসমূহকে ই-সার্ভিসে রূপান্তরের লক্ষ্যে যে ০৪ টি পরিকল্পনা গ্রহণ করা হয় তার মধ্যে অন্যতম ছিল E-Case Management। বর্তমানে সকল মামলার কার্যক্রমসমূহের ডিজিটলাইজেশনের অংশ হিসাবে এটুআই কর্তৃক জুডিশিয়াল পোর্টাল চালু প্রক্রিয়াধীন রয়েছে। জুডিশিয়াল পোর্টাল চালু হলে E-Case Management সফটওয়্যারকে ইন্টিগ্রেশন করা হলে মামলা সম্পর্কিত সকল হালনাগাদ তথ্য পাওয়া যাবে। ফলে বিএমডি কর্তৃক পৃথকভাবে ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ তৈরি করার প্রয়োজন নেই। কমিটির সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন। সভাপতি এই অর্থবছরের নির্ধারিত সময়ের মধ্যে বিএমডির ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপনের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্ত : 'নাগরিক সেবা (সিটিজেন চার্টার)' কে ডিজিটাল করার লক্ষ্যে বিএমডির ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপন।

  
১৪/৩/২০২১.

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ নুরুন্নবী  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ৮৩৯১৫৬৭

ফ্যাক্স : ৯৩৩৪২১৫

ই-মেইল : dg@bomd.gov.bd

স্মারক নং : ২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-২). ২৫০

তারিখ : ২২ ফাল্গুন ১৪২৭  
১৪ মার্চ ২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দৃ.আ. চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);

২। কর্মকর্তা (সকল).....বিএমডি, ঢাকা;

৩। সংশ্লিষ্ট নথি।